

সবার জন্য টিকা

+ Moderna COVID-19

ভ্যাকসিন সমূহ

+ Pfizer COVID-19 ভ্যাকসিন সমূহ (5-11 বছর বয়সীদের জন্য)

- প্রথম ও দ্বিতীয় ডোজ
- যারা ইমিউনোকম্প্রোমাইজড তাদের জন্য
প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ
- বুস্টার সমূহ

যোগ্য ব্যক্তিদের জন্য এখানে উপলব্ধ রয়েছে

COVID-19-এর সময়, নিজেকে এবং
প্রিয়জনকে অসুস্থ হওয়া থেকে রক্ষা করা আগের
চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ।

COVID-19 ভ্যাকসিনগুলি অসুস্থতা, হাসপাতালে
ভর্তি হওয়া এবং এমনকি মৃত্যুর ঝুঁকি কমাতেও
নিরাপদ এবং অত্যন্ত কার্যকর।

আপনি একটি COVID-19 ভ্যাকসিন প করেন
আপনার নিজ পকেট থেকে কোনও খরচ
ছাড়াই।

আপনার জন্য কোন ভ্যাকসিনটি সঠিক সে
সম্পর্কে আরও জানুন। QR কোডটি স্ক্যান
করুন বা কল করুন **1-844-NYC-4NYC**
(1-844-692-4692) নম্বরে।

COVID-19 ভ্যাকসিন
সম্পর্কে আরও জানুন



সু ভ্যাকসিন সম্পর্কে
আরও জানুন



COVID-19-এর জন্য কার ভ্যাকসিন নেওয়া উচিত?

COVID-19 ভ্যাকসিন

বেশিরভাগ লোকেরাই এখন একটি COVID-19 ভ্যাকসিন পাওয়ার যোগ্য:

- + 5 থেকে 11 বছর বয়সী লোকেরা Pfizer-BioNTech-এর দুটি পেডিয়াট্রিক ডোজ (এক তৃতীয়াংশ শক্তির) পেতে পারে
- + 12 বছর বা তার বেশি বয়সের লোকেরা Pfizer-BioNTech-এর দুটি ডোজ পেতে পারেন
- + 18 বছর বা তার বেশি বয়সের লোকেরা Moderna-এর দুটি ডোজ, বা Johnson & Johnson/Janssen-এর একটি ডোজ পেতে পারে

Pfizer, Moderna বা Johnson & Johnson COVID-19 ভ্যাকসিনের প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ

একটি mRNA ভ্যাকসিনের প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ সেই লোকদের জন্য সর্বোত্তম, যারা তাদের mRNA COVID-19 ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ বা Johnson & Johnson ভ্যাকসিনের একটি ডোজ কমপক্ষে 28 দিন আগে পেয়েছিলেন, এবং একটি শারীরিক অবস্থা কিংবা চিকিৎসার কারণে যাদের দুর্বল প্রতিরোধ ক্ষমতা রয়েছে। সেগুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- + ক্যান্সারের সক্রিয় চিকিৎসা
- + ইমিউন সিস্টেমের শক্তি কমাতে অঙ্গ প্রতিস্থাপন এবং ওষুধ
- + বিগত 2 বছরের মধ্যে স্টেম সেল প্রতিস্থাপন
- + মার্নারি বা গুরুতর প্রাথমিক ইমিউনোডেফিসিয়েন্সি
- + এডভান্সড বা চিকিৎসা না করা এইচআইভি
- + রোগ প্রতিরোধ ক্ষমতাকে মার্নারি বা গুরুতরভাবে দুর্বল করে দেয় এমন কার্টিকোস্টেরয়েড বা অন্যান্য ওষুধের উচ্চ মাত্রাযোগে সক্রিয় চিকিৎসা।

Pfizer-এর প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ পেতে হলে আপনার বয়স অবশ্যই 5 বা তার বেশি হতে হবে এবং Moderna-এর প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ পেতে 18 বা তার বেশি হতে হবে। কিছু কিছু পরিস্থিতিতে, আপনি অতিরিক্ত প্রাথমিক সিরিজ ডোজ হিসাবে Johnson & Johnson/Janssen ভ্যাকসিন দেওয়ার কথা বিবেচনা করতে পারেন। ডায়াবেটিস, হৃদরোগ বা ফুসফুসের রোগের মতো অন্যান্য শারীরিক সমস্যা সমৃদ্ধ বেশিরভাগ মানুষের ক্ষেত্রে প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ সুপারিশ করা হয় না।

COVID-19 বুস্টার ডোজ - Pfizer এবং Moderna ভ্যাকসিন গ্রহীতাগণ

5 বছর বা তার বেশি বয়সী প্রত্যেকেরই তাদের প্রাথমিক Pfizer বা Moderna COVID-19 ভ্যাকসিন সিরিজের দ্বিতীয় ডোজ পাওয়ার অন্তত 5 মাস পরে একটি বুস্টার শট নেওয়া উচিত।

যে সমস্ত ব্যক্তির Pfizer বা Moderna ভ্যাকসিনের দুটি শট পেয়েছেন তাদের বুস্টার হিসেবে একই ভ্যাকসিন নেওয়ার চেষ্টা করা উচিত, তবে মার্কিন যুক্তরাষ্ট্রে অনুমোদিত তিন ধরনের ভ্যাকসিনের মধ্য থেকে যেকোনও একটিতে পরিবর্তন করার স্বাধীনতা রয়েছে।

5-17 বছর বয়সী যেসব ব্যক্তির পাঁচ মাসেরও আগে Pfizer-এর প্রাথমিক সিরিজের ভ্যাকসিন পেয়েছিলেন তারা কেবল Pfizer-এর বুস্টার শটের জন্যই যোগ্য।

COVID-19 বুস্টার ডোজ - Johnson & Johnson ভ্যাকসিন গ্রহীতাগণ

18 বছর বা তার বেশি বয়সী প্রত্যেকেরই একক ডোজের প্রাথমিক COVID-19 ভ্যাকসিন নেওয়ার অন্তত দুই মাস পর একটি বুস্টার শট নেওয়া উচিত। Pfizer বা Moderna (mRNA COVID-19 ভ্যাকসিন) বুস্টারগুলিকে বেশিরভাগ পরিস্থিতিতে অগ্রাধিকার দেয়া হয়।

যেসকল ইমিউনোকম্প্রোমাইজড ব্যক্তির প্রথম ডোজ হিসেবে J&J এবং কমপক্ষে 28 দিন পরে অতিরিক্ত ডোজ হিসেবে একটি mRNA ভ্যাকসিন পেয়েছেন তাদের মোট 3 ডোজের mRNA ভ্যাকসিনের অতিরিক্ত ডোজ নেওয়ার অন্তত 2 মাস পর একটি বুস্টার ডোজ পাওয়া উচিত।

NYC Health + Hospitals ব্যবস্থার হাসপাতাল সমূহ Pfizer এবং J&J ভ্যাকসিনগুলি দিয়ে থাকে। NYC Health + Hospitals/Gotham Health কেন্দ্রসমূহ 5-11 বছর বয়সী শিশুদের Moderna এবং Pfizer ভ্যাকসিন দিয়ে থাকে। অবস্থানের একটি সম্পূর্ণ তালিকা জন্য, আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন: nychealthandhospitals.org-এই ঠিকানায়।